# মডেল টেস্ট—১২

## প্রাথমিক বিজ্ঞান

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান— ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

১। **সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১ × ৫০ = ৫০

১. মফিজ বাড়ির উঠানে বিভিন্ন প্রাণী ও উদ্ভিদ দেখল। এ ধরনের পরিবেশের সঠিক খাদ্য শৃঙ্খল কোনটি?
(ক) ধান → ছোট পাখি → চিল
(খ) ঘাস → ব্যাঙ → ফড়িং
(গ) শেওলা → মাছের লার্ভা → ক্ষুদ্র প্রাণী
(ঘ) ব্যাঙ → ফড়িং → ঘাস

২. ঘাস → ছাগল → মানুষ → 'ক'
খাদ্য শৃঙ্খলটিতে 'ক' কোনটি হতে পারে?
(ক) বাঘ (খ) হরিণ (গ) হাতি (ঘ) মুরগি

৩. আরাফাতদের বাড়ির সামনে বড় একটি পুকুর আছে। সেখানকার পরিবেশে খাদ্য শৃঙ্খলের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?
(ক) ছোট মাছ → পানির নিচের ছোট উদ্ভিদ → বড় মাছ
(খ) ছোট মাছ → বড় মাছ → পানির নিচের ছোট উদ্ভিদ
(গ) পানির নিচের ছোট উদ্ভিদ → ছোট মাছ → বড় মাছ
(ঘ) বড় মাছ → পানির নিচের ছোট উদ্ভিদ → ছোট মাছ

৪. ধনাঢ্য ব্যবসায়ী মোসাদ্দেক সাহেব গাজীপুরে একটি কারখানা তৈরি করার সিদ্ধান্ত নিলেন। সেখানে কারখানা স্থাপন করা ক্ষতিকর কেন?
(ক) পানি দূষণ ঘটায় বলে (খ) শব্দ দূষণ ঘটায় বলে
(গ) যাতায়াতে অসুবিধা হয় বলে (ঘ) উৎপাদন কমে যায় বলে

৫. হাবিব ঢাকা শহরে একজন ট্যাক্সিচালক। সে কীভাবে শব্দ দূষণ রোধ করতে পারে?
(ক) ট্রাফিক সিগন্যাল না মেনে ট্যাক্সি চালিয়ে
(খ) অকারণে গাড়ির হর্ন না বাজিয়ে
(গ) ত্রুটিমুক্ত ইঞ্জিনের যানবাহন চালিয়ে
(ঘ) জ্বালানি তেল হিসাবে ডিজেল ব্যবহার না করে

৬. নাবিল পঞ্চম শ্রেণিতে পড়ে। সে শব্দ দূষণ রোধে কীভাবে সহায়তা করতে পারে?
(ক) বিনা প্রয়োজনে গাড়ির হর্ন না বাজিয়ে
(খ) মাইকের যথাযথ ব্যবহার করে
(গ) শ্রেণিকক্ষে হট্টগোল না করে
(ঘ) জনসমাগমের আওয়াজ সহনীয় মাত্রায় রেখে

৭. শাহিনের মা রান্নাবান্না করার জন্য ময়লাযুক্ত নলকূপের পানি সংগ্রহ করল। এ পানিকে সম্পূর্ণরূপে নিরাপদ করতে হলে তাকে কী করতে হবে?
(ক) ফিটকিরি মেশাতে হবে (খ) ব্লিচিং পাউডার মেশাতে হবে
(গ) হ্যালোজেন ট্যাবলেট মেশাতে হবে (ঘ) ফুটাতে হবে

৮. গিয়াসদের গ্রামে বন্যার সময় নিরাপদ পানির সংকট দেখা দিল। এ সময় কোনটি ব্যবহারে পানিকে নিরাপদ করা যায়?
(ক) ব্লিচিং পাউডার (খ) আয়োডিন
(গ) বেকিং পাউডার (ঘ) স্যাকারিন

৯. সজিব থিতানো পদ্ধতিতে পানি তাড়াতাড়ি তলানিতে জমানোর জন্য একটি রাসায়নিক পদার্থ ব্যবহার করল। রাসায়নিক পদার্থটির নাম কী?
(ক) সোডা পাউডার (খ) হ্যালোজেন ট্যাবলেট
(গ) ফিটকিরি (ঘ) ব্লিচিং পাউডার

http://teachingbd.com

১০. লিমন গাছের পাতা দিয়ে চরকা বানাল। সে কোন গাছের পাতা ব্যবহার করল?

ⓚ নারিকেল ⓚ বেল ⓖ তেঁতুল ⓖ বাঁশ

১১. হালিমের মা ভেজা চুল শুকানোর জন্য হেয়ার ড্রায়ার ব্যবহার করে। এ যন্ত্রটির মধ্য দিয়ে কী প্রবাহিত হয়?

ক) ঠান্ডা বায়ু খ) গরম বায়ু গ) শীতল বায়ু ঘ) আর্দ্র বায়ু

১২. শিল্পপতি শাহেদ সাহেব গ্রামে একটি কারখানা স্থাপনে মনস্থির করল। কারখানাটি কোথায় স্থাপন করা উচিত বলে তুমি মনে কর?

ক) লোকালয় থেকে দূরে খ) লোকালয়ের কাছে
গ) বস্তির পাশে ঘ) গ্রামের ঠিক মাঝখানে

১৩. আকাশ সাইকেলে চড়ে অফিসে যাচ্ছে। এখানে সাইকেলের চলা কোন ধরনের শক্তি?

ক) গতিশক্তি খ) স্থিতি শক্তি গ) বিদ্যুৎ শক্তি ঘ) সৌরশক্তি

১৪. হাসিবদের বাড়িতে চুলায় কাঠ পুড়িয়ে রান্নাবান্নার কাজ করা হয়। এখানে শক্তির কোন রূপান্তরটি ঘটে?

ক) তাপ শক্তি → রাসায়নিক শক্তি খ) রাসায়নিক শক্তি → তাপ শক্তি
গ) রাসায়নিক শক্তি → আলোক শক্তি ঘ) আলোক শক্তি → তাপ শক্তি

১৫. হাবিবের দীর্ঘদিন ধরে কৃত্রিম রং মেশানো চকলেট ও মিষ্টি খাওয়ার অভ্যাস রয়েছে। তার শরীরে কিরূপ সমস্যা দেখা দেয়?

ক) ক্যানসার হয় খ) এলার্জি হয়
গ) শরীর বেড়ে যায় ঘ) চর্মরোগ হয়

১৬. জাভেদদের গ্রামের পাঠশালার ছাত্ররা সব সময়ই স্যাকারিনযুক্ত আচার খায়। তাদের শরীরে কী ঘটতে পারে?

ক) বৃক্ক ও যকৃৎ অকার্যকর হওয়া খ) ডায়াবেটিস হওয়া
গ) সর্দি-কাশি হওয়া ঘ) শরীর সবল হওয়া

১৭. ঢাকার একটি রেস্তোরাঁর মালিক বিভিন্ন খাদ্যদ্রব্যকে আকর্ষণীয় করার জন্য কৃত্রিম রং ও রাসায়নিক ব্যবহার করে। এতে মানুষের দেহে কোন অঙ্গটির সমস্যা দেখা দিতে পারে?

ক) হৃৎপিণ্ডের খ) কিডনির গ) মাথার ঘ) চোখের

১৮. দশ বছরের বালিকা তারিনা ও বারো বছরের বালক নিজাম দুই ভাইবোন। তাদের এখন যে বয়ঃসন্ধিকাল চলছে তার পরিবর্তন কিরূপ?

ক) দ্রুত খ) স্বাভাবিক গ) অস্বাভাবিক ঘ) অতি ধীর

১৯. রবিনের মাংসপেশি সুগঠিত হওয়ার পাশাপাশি দাড়ি-গোঁফ গজাতে শুরু করেছে। কোন সময়ে তার এ ধরনের শারীরিক পরিবর্তন আসে?

ক) শৈশবে খ) কৈশোরে গ) বাল্যকালে ঘ) বয়ঃসন্ধিকালে

২০. ইশতিয়াক বছরের একটি সময় সূর্যের নিকটতম থাকে। তখন পৃথিবীর ক্ষেত্রে কোনটি সঠিক?

ক) উত্তর গোলার্ধে গ্রীষ্মকাল খ) উত্তর গোলার্ধে শীতকাল
গ) দক্ষিণ গোলার্ধে শীতকাল ঘ) উত্তর ও দক্ষিণ গোলার্ধে শীতকাল

২১. আমজাদ কম্পিউটারে বিরতিহীনভাবে সারাদিন কাজ করে। তার শরীরে কিরূপ সমস্যা দেখা দিবে?

ক) শ্বাস-প্রশ্বাসে সমস্যা হবে খ) তলপেটে ব্যথা হবে
গ) কাঁধ ও ঘাড়ে ব্যথা হবে ঘ) ঘন ঘন বমি হবে

২২. আধুনিক কৃষি প্রযুক্তি কোনটি?

ক) ট্রাক্টর খ) শাবল গ) কোদাল ঘ) লাঙল

http://teachingbd.com

২৩. জিহান মোবাইল ফোন ব্যবহার করে তার মামার সাথে কথোপকথন করে। কথা বলার মাধ্যমে তাদের মধ্যে কোনটি হয়?

ক তথ্য সংগ্রহ খ তথ্য সংরক্ষণ গ তথ্য বিনিময় ঘ তথ্য বিকাশ

২৪. কোনটি যক্ষ্মা রোগের জন্য দায়ী?

ক ভাইরাস খ ব্যাকটেরিয়া গ ছত্রাক ঘ কীটপতঙ্গ

২৫. আন্তর্জাতিক পরিবেশবাদীরা আমাদের দেশের সম্পদ সংরক্ষণ ও পরিবেশ দূষণ রোধে কিছু পদক্ষেপ গ্রহণ করার পরামর্শ দেন। তাদের মতামত কোনটি হতে পারে?

ক কলকারখানা দূরে স্থাপন করা খ অপ্রয়োজনীয় ব্যবহার বন্ধ করা
গ ক্ষতিকর পোকা মেরে ফেলা ঘ উৎপাদন বন্ধ করা


২৬. তোমার বন্ধু নাহিদ গ্রামে বাস করে। তাদের অনেক গরু ও ছাগল আছে। গরু ও ছাগলের গোবর কী করা উচিত?

ক এগুলো সার হিসাবে ব্যবহার করা খ পুড়িয়ে ফেলা
গ শুকিয়ে সংরক্ষণ করা ঘ এগুলো পুকুরে বা নদীতে ফেলে দেওয়া

২৭. মিরাজদের এলাকায় কলকারখানার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় বায়ু দূষণের ফলে তাপমাত্রা বৃদ্ধি পাচ্ছে। তাদের এলাকায় বায়ু দূষণ রোধের উপায় কোনটি?

ক বনজঙ্গল কেটে ফেলা
খ বেশি করে গাছপালা লাগানো
গ কলকারখানা স্থাপন করা
ঘ প্লাস্টিক প্রক্রিয়াজাত করে ব্যবহার করা

২৮. চিত্রে পানি নিরাপদ করার একটি উপায় দেখানো হয়েছে। উপায়টির নাম কী?



ক থিতানো খ ছাঁকন গ আস্রাবণ ঘ পরিস্ফুটন

২৯. সজিব থিতানো পদ্ধতিতে পানি তাড়াতাড়ি তলানিতে জমানোর জন্য একটি রাসায়নিক পদার্থ ব্যবহার করল। রাসায়নিক পদার্থটির নাম কী?

ক সোডা পাউডার খ হ্যালোজেন ট্যাবলেট
গ ফিটকিরি ঘ ব্লিচিং পাউডার

৩০. সিডরে ক্ষতিগ্রস্ত মাহতাবের মা সাগরের পানিকে একটি রাসায়নিক পদার্থ মিশ্রিত করে ব্যবহারের উপযোগী করলেন। পানি বিশুদ্ধকরণে ব্যবহৃত রাসায়নিক পদার্থটি কী?

ক ব্লিচিং পাউডার খ ট্যালকম পাউডার
গ মিল্ক পাউডার ঘ সুগার পাউডার

৩১. সালামদের গ্রামের কারখানায় কয়লা পুড়িয়ে রাসায়নিক দ্রব্যাদি তৈরি করা হয়। এক্ষেত্রে শক্তির কিরূপ রূপান্তর ঘটে?

ক আলোক শক্তি রাসায়নিক শক্তিতে খ তাপ শক্তি আলোক শক্তিতে
গ রাসায়নিক শক্তি তাপ শক্তিতে ঘ তাপশক্তি বিদ্যুৎ শক্তিতে

৩২. সুজনদের অফিসে বিদ্যুৎ চলে গেলে জেনারেটর চালানো হয়। জেনারেটরের মাধ্যমে শক্তির কোন রূপান্তরটি ঘটে?

ক রাসায়নিক শক্তি → গতিশক্তি → তাপ শক্তি → বিদ্যুৎ শক্তি
খ রাসায়নিক শক্তি → বিদ্যুৎ শক্তি → গতিশক্তি → তাপ শক্তি
গ রাসায়নিক শক্তি → তাপ শক্তি → বিদ্যুৎ শক্তি → গতিশক্তি
ঘ রাসায়নিক শক্তি → তাপ শক্তি → গতিশক্তি → বিদ্যুৎ শক্তি

৩৩. পায়ে হেঁটে স্কুলে যেতে এবং সাইকেল চালাতে আমরা শক্তি ব্যবহার করি। শক্তির বৈশিষ্ট্য কোনটি?

ক একে নতুন করে সৃষ্টি করা যাবে খ একে ধ্বংস করা যাবে না
গ রূপান্তর করা যাবে না ঘ একে ধ্বংস করা যাবে

Teachingbd.com

৩৪. আসলাম সাহেব নবায়নযোগ্য শক্তি ব্যবহারের প্রতি আগ্রহী। তিনি কীভাবে এ ধরনের উৎসের শক্তি ব্যবহার করতে পারেন?
ⓚ বৈদ্যুতিক বাতি অতিরিক্ত ব্যবহার করে
ⓚ দিনের আলো ব্যবহার করে
ⓖ রেফ্রিজারেটরের দরজা খোলা রেখে
ⓖ গাছপালা কেটে ফেলে

৩৫. ঢাকা থেকে চট্টগ্রামের উদ্দেশে হানিফ পরিবহনের একটি গাড়ি যাত্রা শুরু করল। চলমান গাড়িতে শক্তির কোন রূপটি পাওয়া যায়?
ⓚ বিদ্যুৎ শক্তি ⓚ রাসায়নিক শক্তি
ⓖ যান্ত্রিক শক্তি ⓖ তাপ শক্তি

৩৬. খাবারকে আকর্ষণীয় ও লোভনীয় করতে খাবারে কী মেশানো হয়?
ⓚ সুগন্ধি দ্রব্য ⓚ কৃত্রিম রং ⓖ কীটনাশক ⓖ ব্যাকটেরিয়া

৩৭. পরিবেশের উপাদানকে নানাভাবে ব্যবহারের ফলে কী সৃষ্টি হচ্ছে?
ⓚ মাটি ⓚ পানি ⓖ বর্জ্য ⓖ বায়ু

৩৮. মেয়েদের ক্ষেত্রে কত বছরে বয়ঃসন্ধিকাল শুরু হয়?
ⓚ ৬–১০ ⓚ ৮–১৩ ⓖ ১০–১৫ ⓖ ১২–১৮

৩৯. আবহাওয়া ও জলবায়ুর অন্যতম প্রধান উপাদান কোনটি?
ⓚ বায়ুর তাপ ও চাপ ⓚ সমুদ্রস্রোত
ⓖ জলীয় বাষ্প ⓖ বনভূমি ও পাহাড়

৪০. তাপ সঞ্চালনের পদ্ধতি কয়টি?
ⓚ দুটি ⓚ তিনটি ⓖ চারটি ⓖ পাঁচটি

৪১. যাদব ঢাকা থেকে বাসযোগে চট্টগ্রামের উদ্দেশে রওনা দিল। বাসে চড়ে সে কোন মাধ্যমটি ব্যবহার করে দেশ-বিদেশের মুহূর্তের খবর জানতে পারবে?
ⓚ ডিভিডি ⓚ ইন্টারনেট ⓖ পেন ড্রাইভ ⓖ ফ্যাক্স

৪২. উদ্ভিদের নতুন নতুন আবাস গড়ে তুলতে কোনটি সাহায্য করে?
ⓚ মাতৃ উদ্ভিদ ⓚ পরাগায়ন
ⓖ মৌমাছি ⓖ বীজের বিস্তার

৪৩. জনসংখ্যা বৃদ্ধির ফলে শহর অঞ্চলে কী গড়ে ওঠে?
ⓚ স্বাস্থ্যকর বস্তি ⓚ অস্বাস্থ্যকর বস্তি
ⓖ সুষ্ঠু পয়ঃনিষ্কাশন ⓖ উন্নত আবাসন ব্যবস্থা

৪৪. অগ্নিনির্বাপক যন্ত্র কোথায় ব্যবহার করা হয়?
ⓚ রাস্তাঘাটে ⓚ বনাঞ্চলে
ⓖ পর্বতে ⓖ কলকারখানায়

৪৫. জাঙ্ক ফুড খাবারের সাথে নিচের কোন স্বাস্থ্য ঝুঁকিটি জড়িত?
ⓚ ডায়রিয়া ⓚ ডায়াবেটিস ⓖ ইনফ্লুয়েঞ্জা ⓖ বসন্ত

৪৬. কুকুরের কামড়ের মাধ্যমে কোন রোগটি ছড়ায়?
ⓚ জলাতঙ্ক ⓚ ম্যালেরিয়া ⓖ ডেঙ্গু ⓖ সোয়াইন ফ্লু

৪৭. ঘূর্ণিঝড়ের প্রভাবে সমুদ্র থেকে ঢেউ আকারে পানি উপকূলীয় অঞ্চলে প্রবেশ করাকে কী বলা হয়?
ⓚ জলোচ্ছ্বাস ⓚ বন্যা ⓖ খরা ⓖ ভাটা

৪৮. বায়ুমণ্ডলের কোন গ্যাসটির নিঃসরণ বৈশ্বিক উষ্ণায়নের মূল কারণ?
ⓚ কার্বন ডাইঅক্সাইড ⓚ ক্যালসিয়াম কার্বনেট
ⓖ নাইট্রোজেন ⓖ অক্সিজেন

৪৯. কোনটি অনবায়নযোগ্য জ্বালানি?
ⓚ সৌরশক্তি ⓚ কয়লা ⓖ বায়ুপ্রবাহ ⓖ জৈব জ্বালানি

৫০. হাইব্রিড গাড়ি কী ব্যবহার করে চলতে পারে?
ⓚ কয়লা ⓚ পেট্রোলিয়াম ⓖ প্রাকৃতিক গ্যাস ⓖ বিদ্যুৎ ও তেল

http://teachingbd.com

২। **নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :** ১ × ১৫ = ১৫

(ক) উদ্ভিদ ও প্রাণী থেকে তোমরা কী পেয়ে থাক?
(খ) তোমার শরীরে বায়ুপ্রবাহ এসে লাগলে ঠান্ডা লাগে কেন?
(গ) হাঁচি-কাশির সময় তুমি কী দিয়ে মুখ ঢাকবে?
(ঘ) তোমাদের কৃষিজমিতে ব্যবহৃত কয়েকটি আধুনিক কৃষি যন্ত্রপাতির নাম লেখ।
(ঙ) নবায়নযোগ্য শক্তি বলতে তুমি কী বোঝ?
(চ) দূষিত পানি কী?
(ছ) ছাঁকন কী?
(জ) শক্তির অপচয় কাকে বলে?
(ঝ) খাদ্যদ্রব্য পচনের মূল কারণ কী?
(ঞ) চাঁদ থেকে পৃথিবীতে আলো পৌছাতে কত সময় লাগে?
(ট) আইসিটি-এর পূর্ণরূপ কী?
(ঠ) বাংলাদেশের তিনটি প্রাকৃতিক দুর্যোগের নাম লেখ।
(ড) বায়ুর আর্দ্রতা কী?
(ঢ) সৌরশক্তি কী?
(ণ) বাংলাদেশের ক্ষেত্রফল কত?

৩। **ক, খ, গ, ঘ এবং ঙ নং প্রশ্নসহ যেকোনো সাতটি প্রশ্নের উত্তর লেখ :** ৫ × ৭ = ৩৫

(ক) সৌমিক বিকালে সবুজ ঘাসের মাঠে একটি ব্যাঙ ও ঘাসফড়িং দেখল। সবুজ ঘাস, ব্যাঙ ও ঘাসফড়িং এর মধ্যে সম্পর্কটিকে কী বলে? এর চারটি বৈশিষ্ট্য উল্লেখ কর। ১ + ৪ = ৫

(খ) জব্বার সিনেমা হলে একটি অগ্নিনির্বাপক যন্ত্র দেখতে পেল। যন্ত্রটির মধ্যে কোন গ্যাস থাকে এবং এ গ্যাসটি বায়ু অপেক্ষা ভারী না হালকা? এছাড়া এ গ্যাসটির তিনটি ব্যবহার লেখ। ১ + ১ + ৩ = ৫

(গ) বিজয় রেফ্রিজারেটর থেকে একখণ্ড বরফ বের করে তাপ দেওয়ার সময় পদার্থের তিনটি অবস্থার রূপ দেখতে পেল। পদার্থের অবস্থা তিনটির রূপ কী কী? এদের প্রত্যেকটির ১টি করে ধর্ম লেখ। পদার্থ এ তিনটি রূপে যে বিরাজ করে তা কিসের উপর নির্ভর করে? ১ + ৩ + ১ = ৫

(ঘ) মোমিনদের গ্রামে বছরে ছয়টি ঋতু পরিবর্তিত হয়। ঋতুর এই পরিবর্তন কোন গতির কারণে হয়? পৃথিবীর এ গতি না থাকলে কী হতো? এ গতির তিনটি বৈশিষ্ট্য লেখ। ১ + ১ + ৩ = ৫

(ঙ) কয়েক বছর আগে ঘূর্ণিঝড় নার্গিস আঘাত হানার কথা কুয়াকাটার অধিবাসীদের মনে দাগ পড়ে আছে। ঘূর্ণিঝড় ও কালবৈশাখী কত দূর পর্যন্ত বিস্তৃত হয়ে থাকে? উপকূলীয় অঞ্চলের বাসিন্দাদের ঘূর্ণিঝড় মোকাবেলায় তিনটি করণীয় পদক্ষেপ কী হতে পারে লেখ। ২ + ৩ = ৫

(চ) বাতাসে পানি আছে তা আমরা কীভাবে ব্যাখ্যা করতে পারি? পাঁচটি বাক্যে লেখ। ১ × ৫ = ৫

(ছ) খাদ্যে রাসায়নিকের ব্যবহার আমাদের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর হয় কেন? পাঁচটি বাক্যে লেখ। ১ × ৫ = ৫

(জ) বয়ঃসন্ধিকালে ছেলেমেয়েদের পাঁচটি শারীরিক পরিবর্তন উল্লেখ কর। ১ × ৫ = ৫

(ঝ) বিজ্ঞান ও প্রযুক্তির পাঁচটি পার্থক্য লেখ। ১ × ৫ = ৫

(ঞ) প্রাকৃতিক সম্পদ কী? প্রাকৃতিক সম্পদের চারটি ব্যবহার উল্লেখ কর। ১ + ৪ = ৫

http://teachingbd.com

# মডেল টেস্ট -১২ এর উত্তরমালা

১।

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ক | ৩ | গ | ৪ | খ | ৫ | খ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | ক |
| ৯ | গ | ১০ | ক | ১১ | খ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | ক |
| ১৭ | খ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | গ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | গ |
| ২৫ | ক | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ক | ৩১ | গ | ৩২ | ঘ |
| ৩৩ | খ | ৩৪ | খ | ৩৫ | গ | ৩৬ | খ | ৩৭ | গ | ৩৮ | খ | ৩৯ | ক | ৪০ | খ |
| ৪১ | খ | ৪২ | ঘ | ৪৩ | খ | ৪৪ | ঘ | ৪৫ | খ | ৪৬ | ক | ৪৭ | ক | ৪৮ | ক |
| ৪৯ | খ | ৫০ | ঘ | | | | | | | | | | | | |

২। (ক) উদ্ভিদ ও প্রাণী থেকে আমরা জীবের বেঁচে থাকার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ তিনটি উপাদান মাটি, পানি ও বায়ু পেয়ে থাকি।

(খ) আমার শরীরে বায়ুপ্রবাহ এসে লাগলে প্রবাহিত বায়ু তাপ শোষণ করে বলে ঠাণ্ডা লাগে।

(গ) হাঁচি-কাশির সময় আমি টিস্যু, রুমাল বা হাত দিয়ে মুখ ঢাকব।

(ঘ) আমাদের কৃষিজমিতে ব্যবহৃত কয়েকটি আধুনিক কৃষি যন্ত্রপাতি হলো পাওয়ার টিলার, ট্রাক্টর, সেচ পাম্প, ফসল মাড়াইয়ের যন্ত্র ইত্যাদি।

(ঙ) নবায়নযোগ্য শক্তি বলতে আমি যেসব শক্তির উৎস পৃথিবীতে অফুরন্ত এবং তা বার বার ব্যবহার করা যায় তাদেরকে বুঝি।

(চ) যে পানিতে নানা প্রকার রোগজীবাণু, ময়লা-আবর্জনা ইত্যাদি থাকে এবং পান করলে আমাদের বিভিন্ন ধরনের রোগ হয় তাকে দূষিত পানি বলে।

(ছ) ছাঁকনি দিয়ে ছেঁকে পানি পরিষ্কার করার প্রক্রিয়াই হলো ছাঁকন।

(জ) শক্তি যথাযথ প্রয়োগ না করে অকারণে নষ্ট করাকে শক্তির অপচয় বলে।

(ঝ) খাদ্যদ্রব্য পচনের মূল কারণ হলো ব্যাকটেরিয়া আক্রমণ।

(ঞ) চাঁদ থেকে পৃথিবীতে আলো পৌঁছাতে ১.৩ সেকেন্ড সময় লাগে।

(ট) আইসিটি-এর পূর্ণরূপ হলো ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি। যার বাংলা অর্থ দাঁড়ায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।

(ঠ) বাংলাদেশের তিনটি প্রাকৃতিক দুর্যোগ হলো বন্যা, ঘূর্ণিঝড় ও কালবৈশাখী।

(ড) বায়ুতে বিদ্যমান জলীয় বাষ্পের পরিমাণকে বায়ুর আর্দ্রতা বলা হয়।

(ঢ) সূর্যের বিকীর্ণ রশ্মি যে বিপুল পরিমাণ শক্তি বহন করে তাকে সৌরশক্তি বলে।

(ণ) বাংলাদেশের ক্ষেত্রফল ১,৪৭,৫৭০ বর্গ কিলোমিটার।

http://teachingbd.com